# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 22-02-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবর –

১) দেশজুড়ে অঙ্গদান নিয়ে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেছেন। তিনি আজ আকাশবাণীর মন-কি-বাতের ১৩১-তম পর্বে সকলের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নিয়েছেন।

২) ভারত এ আই ইমপ্যাক্ট শীর্ষ সম্মেলনে কৃত্রিম মেধার প্রয়োগ কিভাবে আগামী দিনে হবে তা নিয়ে বিস্তারিতভাবে আলোচনা হয়েছে বলে তিনি জানিয়েছেন।

৩) ঔপনিবেশিক সময়ের দাসত্বের মানসিকতা থেকে সকলকে বেরিয়ে আসার আহ্বান জানান, প্রধানমন্ত্রী।

৪) প্রধানমন্ত্রী উত্তরপ্রদেশের মিরাটে মেট্রো ও নমো ভারত রেল প্রকল্পের সূচনা করেছেন।

৫) নির্বাচনী প্রক্রিয়ায় নিয়ে আলোচনার জন্য নির্বাচন কমিশন আগামী মঙ্গলবার বিভিন্ন রাজ্যের আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন।

৬) ভারত আজ, টি-টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপে সুপার এইট পর্বে দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooo

দেশজুড়ে অঙ্গদান নিয়ে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সন্তোষ প্রকাশ করেছেন। আকাশবাণীর প্রতি মাসের বেতার অনুষ্ঠান মন-কি-বাতের ১৩১-তম পর্বে তিনি দেশের বিভিন্ন প্রান্তের অঙ্গদানের কিছু ঘটনা তুলে ধরেন। এই প্রসঙ্গে তিনি বলেন, কেরালার ১০ মাসের শিশু আলিম সেরিম আব্রাহামের প্রয়াণের পর তার শোকস্তব্ধ বাবা-মা ওই ছোটো শিশুর অঙ্গদান করার সিদ্ধান্ত নিয়েছেন – যা এক যুগান্তকারী ঘটনা। অনেক সংস্থা এবিষয়ে সচেতনতা প্রসারে কাজ করে চলেছে।

(বাইট – অঙ্গদান)

ভারত এ আই ইমপ্যাক্ট শীর্ষ সম্মেলনে কৃত্রিম মেধার প্রয়োগ কিভাবে আগামী দিনে করা হবে তা নিয়ে বিস্তারিতভাবে আলোচনা হয়েছে। প্রধানমন্ত্রী জানান, এই শীর্ষ সম্মেলনে বিশ্ব নেতৃত্ব এবং কৃত্রিম মেধা নিয়ে কাজ করছে এধরনের সংস্থার কার্যনির্বাহী আধিকারিকদের সঙ্গে তিনি সাক্ষাৎ করেছেন। এই সম্মেলনে ভারতের দুটি উদ্ভাবন যথেষ্ট আলোচিত হয়েছে। তার মধ্যে একটি হলো, আমাদের প্রাচীন গ্রন্থগুলিকে বর্তমান প্রজন্মের উপযোগীকে করে উপস্থাপিত করা।

(বাইট – প্রাধানমন্ত্রী/ কৃত্রিম মেধা)

বিশ্বের বিভিন্ন দেশে ভারতীয় বংশদ্ভূতরা নিজ নিজ প্রতিভা বলে সেই দেশগুলির জাতীয় ক্রিকেট দলে স্থান করে নেওয়ায় আমরা সকলেই গর্ব অনুভব করি। মন-কি-বাতে সেই প্রসঙ্গ উত্থাপন করে প্রধানমন্ত্রী বলেন, টি-টোয়েন্টি বিশ্বকাপে কানাডা, মার্কিনযুক্তরাষ্ট্র, ওমান, নিউজিল্যান্ড, সংযুক্ত আরব-আমীরশাহী এবং ইটালির দলে ভারতীয় বংশদ্ভূতরা খেলছেন।

(বাইট – ক্রিকেট/ভারতীয় বংশদ্ভূত)

শ্রী মোদী আজাদি-কী অমৃত মহোৎসবে লালকেল্লার প্রাকার থেকে যে পাঁচটি সংকল্পের কথা বলেছিলেন, তার মধ্যে উল্লেখযোগ্য, ঔপোনিবেশিক সময়ে দাসত্বের মানসিকতা থেকে বেরিয়ে আসা। এই লক্ষে আগামীকাল রাষ্ট্রপতি ভবনে সি রাজা গোপালাচারির স্মরণে রাজাজী উৎসবের আয়োজন করা হয়েছে।

(বাইট – প্রেসিডেন্ট হাউস)

মন-কি-বাতের এই পর্বে বহু নিরিহ মানুষ ডিজিটাল অ্যারেস্ট এবং আর্থিক জালিয়াতির শিকার হচ্ছেন বলে প্রধানমন্ত্রী আবারও উল্লেখ করেন। তিনি বলেন, এবিষয়ে সমাজে যথেষ্ট সচেতনতা তৈরি হলেও আমাদের আরও সতর্ক হতে হবে। তাই ব্যাঙ্ক থেকে যখন KYC বা নিজের গ্রাহককে জানুন  কর্মসূচীর সূচনা করা হয়, তাতে সকলকে সহযোগিতার আহ্বান জানান তিনি।

(বাইট – KYC)

পরীক্ষার মরশুমে তিনি সকল ছাত্রছাত্রীদের চাপমুক্তভাবে পরীক্ষা দেবার পরামর্শ দেন।

(বাইট – পরীক্ষা-পে-চর্চা)

**oooooooooooooooooooooooo**

এবারের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে।  আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০ মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

**oooooooooooooooooooooooo**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তরপ্রদেশের মীরাটে, শতাব্দী নগর নমো ভারত স্টেশনে মীরাট মেট্রো ও নমো ভারত ট্রেনের যাত্রার সূচনা করেছেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। মেট্রোয় চড়ে দক্ষিণ মীরাট স্টেশনের উদ্দেশ্যে যাত্রা করেন প্রধানমন্ত্রী। ঘন্টায় ১২০ কিমি গতি সম্পন্ন  মীরাট মেট্রো  ভারতের সবচেয়ে দ্রুতগামী মেট্রো। মাত্র

আধ ঘণ্টায় মেট্রোটি সমগ্র যাত্রাপথ অতিক্রম করবে। ট্রেন ও মেট্রোর প্রকল্প দুটো উদ্বোধনের ফলে এই এলাকায় গতিশীল যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠবে বলে করা হচ্ছে। ৮২ কিলোমিটার দীর্ঘ দিল্লি-করিডোর প্রকল্পর উদ্বোধন করেছেন তিনি। এর ফলে উত্তর প্রদেশ ও দিল্লির মধ্যে ট্রেন যোগাযোগ ব্যবস্থা বেশি সুগম হবে বলে মনে করা হচ্ছে।

ooooooooooooooooooooooo

নির্বাচন কমিশন আগামী মঙ্গলবার ২৪ ফেব্রুয়ারি নতুন দিল্লীতে রাজ্য নির্বাচন কমিশনারদের নিয়ে জাতীয় গোলটেবিল বৈঠকের আয়োজন করেছে। দেশের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এই বৈঠকের সভাপতিত্ব করবেন। উপস্থিত থাকবেন নির্বাচন কমিশনার সুখবীর সিং সান্ধু ও বিবেক যোশী। বৈঠকে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের রাজ্য নির্বাচন কমিশনাররা তাঁদের আইনি ও প্রযুক্তিগত বিশেষজ্ঞদের নিয়ে অংশ নেবেন। পাশাপাশি ৩৬টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকেরাও বৈঠকে যোগ দেবেন ।

দীর্ঘ ২৭ বছর পর নতুন দিল্লির ভারত মণ্ডপমে দিনভর এই সম্মেলন আয়োজন করছে নির্বাচন কমিশন। শেষবার এমন বৈঠক হয়েছিল ১৯৯৯ সালে। ।

সম্মেলনের মূল লক্ষ্য, নির্বাচন প্রক্রিয়া ও লজিস্টিক ব্যবস্থাপনায় সমন্বয় জোরদার করা এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে প্রক্রিয়াকে আরও শক্তিশালী করা। আলোচনায় প্রযুক্তি বিনিময়, ইভিএম, ভোটার তালিকা এবং নির্বাচনী ব্যবস্থার স্বচ্ছতা ও সুরক্ষা নিয়ে বিস্তারিত পর্যালোচনা হবে। সদ্য চালু হওয়া 'ইসিনেট' ডিজিটাল প্ল্যাটফর্মের কার্যকারিতাও তুলে ধরা হবে ।

ooooooooooooooooooooooo

গুয়াহাটির লোকপ্রিয় গোপীনাথ বরদলই আন্তর্জাতিক বিমানবন্দরের নতুন টার্মিনাল আজ থেকে চালু হবে। আসামের মুখ্যমন্ত্রী হেমন্ত বিশ্ব শর্মা সমাজ মাধ্যমের একটি বার্তায় এই ঘোষণা করেছেন। নতুন টার্মিনালে আজ থেকে বাণিজ্যিক উড়ান চলাচল শুরু হবে। মুখ্যমন্ত্রী আরও জানান, নতুন গড়ে ওঠা এই আধুনিক টার্মিনালে উত্তর পূর্ব অঞ্চলে আসামকে প্রগতিশীল রাজ্য হিসেবে তুলে ধরবে। যাত্রীদের সুবিধার জন্য এই টার্মিনালে সমস্ত রকমের আধুনিক পরিষেবা থাকবে বলে জানান শ্রী শর্মা। প্রাথমিক বিমান চলাচলের গেটওয়ে হিসেবে উত্তর পূর্ব অঞ্চলে এই বিমানবন্দরের ভূমিকা বিশেষ উল্লেখযোগ্য।

**oooooooooooooooooooooooo**

কেন্দ্রীয় অসামরিক বিমান চলাচল মন্ত্রী কে রামমোহন নাইডু বলেন, প্রসাদ (PRASHAD) প্রকল্পের আয়তায় কেন্দ্র অন্ধ্রপ্রদেশের মন্দিরগুলোর আশেপাশের পর্যটন কেন্দ্রগুলোর উন্নয়নের পরিকল্পনা করেছে। শ্রী নাইডু আজ অন্ধ্রপ্রদেশের চিত্তর জেলায় কানিপাকাম ভারাসিদ্দি বিনায়ক স্বামী মন্দিরে পূজো দেন। এরপর সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, সরকার তীর্থযাত্রীদের সুযোগ সুবিধা প্রদানের জন্য পরিকাঠামোয় জোর দিচ্ছে। প্রসাদ প্রকল্পের মাধ্যমে অন্যান্য মন্দির কেন্দ্রিক শহরগুলোতেও যোগাযোগ ব্যবস্থা, পরিচ্ছন্নতার দিকে নজর দেওয়া হচ্ছে।

**oooooooooooooooooooooooo**

ভারত আজ টি -২০ বিশ্বকাপের সুপার এইট পর্বে তাদের প্রথম ম্যাচে দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে। খেলা শুরু হবে আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে সন্ধ্যা সাতটায়। ভারত ও দক্ষিণ আফ্রিকা দুই দলই গ্রুপ পর্বে অপরাজিত থেকে সুপার এইটে পৌঁছেছে।

পাল্লেকেলে আন্তর্জাতিক স্টেডিয়ামে সুপার এইট পর্বের অপর ম্যাচে শ্রীলঙ্কা, ইংল্যান্ডের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে ভারতীয় সময় দুপুর তিনটেয়। দুটি দলই গ্রুপ পর্বে চারটি ম্যাচের মধ্যে তিনটিতে জিতে, একটিতে পরাজিত হয়ে সুপার এইটে পৌঁছেছে।

**oooooooooooooooooooooooo**

**oooooooooooooooooooooooo**

**oooooooooooooooooooooooo**

**oooooooooooooooooooooooo**